

# সফটওয়্যারের কারুকাজ

## প্রবলেম স্টেপ রেকর্ডার তৈরি করা

একজন অভিজ্ঞ কমপিউটার ব্যবহারকারী হিসেবে বন্ধু-বান্ধব ও পরিবারের সদস্যদের কাছে আপনার বেশ কদর রয়েছে। উইন্ডোজ ৭-এ সম্পৃক্ত করা হয়েছে এক চমৎকার টুল Problem Steps Recorder।

উইন্ডোজ ৭-এ যখন কোনো অ্যাপ খারাপ আচরণ করতে থাকে তখন Start-এ ক্লিক করে PSR টাইপ করে এন্টার চেপে Start Record-এ ক্লিক করুন। এর ফলে যদি আপনার প্রত্যাশা অনুযায়ী কাজ করে তাহলে Problem Steps Recorder আপনার প্রতিটি ক্লিক এবং কি প্রেস রেকর্ড করে রাখবে। এটি ক্ষিণ হ্যাব নেবে এবং প্যাকেজ করবে সবকিছু একটি সিঙ্গেল জিপ করা MHTML ফাইলে যখন কাজ শেষ হবে, প্রস্তুত হবে আপনাকে ই-মেইল করার জন্য। এ প্রক্রিয়ায় ট্রাবলগুটিংয়ে প্রচুর সময় সঞ্চয় হবে।

## ভিএইচডি ফাইল তৈরি ও মাউন্ট করা

মাইক্রোসফটের ভার্চুয়াল পিসি ভিএইচডি (VHD) ফাইলে তৈরি করে ভার্চুয়াল মেশিন হার্ডড্রাইভ। উইন্ডোজ ৭ এগুলোকে সরাসরি মাউন্ট করতে পারে। তাই-হোস্ট সিস্টেমে আপনি অ্যাক্সেস করতে পারবেন। এজন্য Start-এ ক্লিক করে diskmgmt.msc টাইপ করে এন্টার চাপুন। এরপর Action→Altach VHD-এ ক্লিক করে আপনার কান্সিফিত ফাইল বেছে নিন মাউন্ট করার জন্য। এরপর এটি এক্সপ্লোরারে আবর্বৃত্ত হবে একটি ভার্চুয়াল ড্রাইভ হিসেবে। এতে অ্যাক্সেস করা যাবে এবং অন্য যেকোনো ড্রাইভের মতো কপি এবং রাইট করা যাবে।

এবার Action→Create VHD-তে ক্লিক করুন। এর ফলে আপনি একটি নতুন ভার্চুয়াল ড্রাইভ তৈরি করতে পারবেন নিজের জন্য। এজন্য এতে ডান ক্লিক করে Initialize Disk সিলেক্ট করুন। এটি সেটআপ করার পর আন অ্যালোকেটেড জায়গায় ডান ক্লিক করে New Simple Volume সিলেক্ট করুন এটি সেটআপ করার জন্য। এরপর থেকে যাওয়া ভার্চুয়াল ড্রাইভ অন্য যেকোনো ড্রাইভের মতো আচরণ করবে যেখানে ফাইলকে ড্রায়াগ অ্যান্ড ড্রপ করতে পারবেন, প্রোগ্রাম ইনস্টল, টেস্ট পার্টিশনিং সফটওয়্যার বা অন্য যেকোনো কাজ করতে পারবেন। তবে তা হবে আপনার প্রকৃত হার্ডড্রাইভের ভিএইচডি ফাইলের মতো, যা আপনি সহজে ব্যাকআপ বা অন্যদের সাথে শেয়ার করতে পারবেন। এবার ডিক্ষে ডান ক্লিক করে Detach VHD সিলেক্ট করে অপসারণ করতে পারবেন।

ক্ষমতা লাইন DISKPART ইউটিলিটি আপন্তে হয় একটি ভিএইচডি ফাইল ডিটাচ করার জন্য এবং একটি EXPAND ক্ষমতা বৰ্ধিত হয় ভার্চুয়াল ডিক্ষের সর্বোচ্চ সাইজে উন্নীত করার জন্য।

## ক্ষিন ক্যালিব্রেট করা

আমরা ক্ষিনে যে কালার দেখি, তা নির্ভর করে মনিটর, গ্রাফিক্স কার্ড সেটিং, লাইটেনিংসহ আরও কিছু বিষয়ের ওপর। তবে বেশিরভাগ

লোকই ব্যবহার করেন ডিফল্ট উইন্ডোজ কালার প্রোফাইল। অর্থাৎ আমরা যে ডিজিটাল ফটোকে পারফেক্ট মনে করি, আসলে তা নয়। উইন্ডোজ ৭-এ সম্পৃক্ত করা হয়েছে Display Color Calibration Wizard, যা আপনাকে মনিটরের ব্রাইটনেস, কন্ট্রাস্ট এবং কালার সেটিং যথাযথভাবে সেটআপ করার ক্ষেত্রে সহায়তা দেয়। এছাড়া আরও সম্পৃক্ত করা হয়েছে Clear Type টিউনার, যা নিশ্চিত করে টেক্সট হবে মসৃণ ও তীক্ষ্ণ। এজন্য Start-এ ক্লিক করে Dccw টাইপ করে এন্টার চাপতে হবে।

আবদুল্লাহ আল মামুন  
উত্তরা, ঢাকা

## ই-মেইল পাঠাতে

অনেকেই অনেক দিন ধরে ই-মেইল দেয়া-নেয়া করেন, কিন্তু To, CC, BCC, Send, Reply, Reply to All, Forward ইত্যাদি শব্দগুলোর ব্যবহার ভালো করে জানেন না-এমন ব্যবহারকারীর সংখ্যা কম নয়। এগুলোর কোনটা কি জেনে নেওয়া যাক।

To : একসাথে অনেককে মেইল পাঠাতে To ফিল্ডে কমা দিয়ে মেইল অ্যাড্রেসগুলো লিখতে হয়। To ফিল্ডের সবাই সবাইকে দেখতে পারবে এবং রিপ্লাই দিতে পারবে।

Cc : To-এর মতো সবাই সবাইকে দেখতে পারবে এবং রিপ্লাই দিতে পারবে। কিন্তু To ও Cc আইডিগুলো Bcc আইডিগুলোকে দেখতে পারবে না এবং রিপ্লাইও দিতে পারবে না।

Send : Send-এ ক্লিক করলে To, Cc ও Bcc-তে যত আইডি আছে, সব আইডিকে একসাথে একই মেইল যাবে।

Reply : যে আইডি থেকে মেইলটি এসেছে, অর্থাৎ From-এ যে আইডি আছে, সেই আইডিকে রিপ্লাই দিতে Reply-এ ক্লিক করতে হয়।

Reply to All : From, To, ও Cc-তে যত আইডি আছে, সব আইডিকে একসাথে রিপ্লাই দিতে Reply to All-এ ক্লিক করতে হয়।

Forward : যে আইডি থেকে মেইলটি এসেছে, অর্থাৎ From-এ যে আইডি আছে বা To ও Cc-তে যে আইডিগুলো আছে, তাদেরকে কাউকে রিপ্লাই না দিয়ে অন্য কাউকে Inbox-এর মেইলটি পাঠাতে Forward-এ ক্লিক করতে হয় অথবা Sent mail থেকে কোনো মেইল অন্য কাউকে পাঠাতে Forward-এ ক্লিক করতে হয়।

## ঠিক সময়ে পিসি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ করা

আপনি ইচ্ছে করলে সহজেই আপনার পিসি নির্ধারিত সময়ে বন্ধ (শাটডাউন) করে দিতে পারেন। এজন্য সফটওয়্যারটি ইনস্টল করে ব্যবহার করার সময় কত মিনিট পর আপনার পিসি বন্ধ করতে চান, তা ঠিক করে দিতে হবে। চাইলে কাজটি ম্যানুয়ালিও করা যাব। এরপর Apply-এ ক্লিক করে দিলেই হবে। কাজটি করা যাবে অটো শাটডাউন নামের সফটওয়্যার দিয়ে। এছাড়া নিষিট তারিখ ও সময় দিয়েও কমপিউটার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ করা সম্ভব। সফটওয়্যারটি ইনস্টলের পর উইন্ডোজের নিচে

যেখানে ঘড়ির সময় দেখা যায়, তার বাম পাশে একটি আইকন দেখতে পাবেন। আইকনটিতে ক্লিক করলে সফটওয়্যারটি চালু হবে। ৯০২ কিলোবাইটের সফটওয়্যারটি নামানো যাবে <http://goo.gl/uUiUa> ঠিকানা থেকে।

শফিকুজ্জামান  
নিকুঞ্জ, ঢাকা

## ইউজার অ্যাকাউন্ট কন্ট্রোল কাস্টোমাইজ করা

উইন্ডোজ ভিত্তির ইউজার অ্যাকাউন্ট কন্ট্রোল চমৎকার এক ফিচার হলেও অনেকের কাছে তেমন পছন্দনীয় নয়। তবে উইন্ডোজ ৭-এ ফিচারটি ব্যবহারকারীদের বেশ আকৃষ্ট করেছে, কেননা বাইডিফল্ট এটি ডিসপ্লে করে কম সতর্ক মেসেজ। তবে উইন্ডোজ ৭-এর মাধ্যমে ব্যবহারকারীরা ইউজার অ্যাকাউন্টকে চমৎকারভাবে টিউন করতে পারেন, ভারসাম্য রক্ষা করতে পারেন সিকিউরিটি এবং পপআপ ফ্রি কার্যকালাপন। এজন্য Start→Control Panel→Change User Account Control Settings-এ নেভিগেট করতে হবে।

## নতুন প্রসেসে ফোল্ডার ওপেন করা

বাই ডিফল্ট উইন্ডোজ ৭ ফোল্ডার ওপেন করে একই প্রসেসে। এটি সিস্টেম রিসোর্স সেভ করে, তবে একটি ফোল্ডার ক্র্যাশ করার অর্থ হচ্ছে পুরো শেলকে নিছ্বিয় করা। যদি আপনার সিস্টেম আনস্ট্যাবল মনে হয় অথবা আপনি এক্সপ্লোরারে যেসব কাজ নিয়মিত করেন সেগুলো যদি নিয়মিতভাবে ক্র্যাশ করে তাহলে কমপিউটার ওপেন করে Shift কী চেপে ধরে ড্রাইভে ডান ক্লিক করুন এবং সিলেক্ট করুন Open in New Process অপশন। এই ফোল্ডার এখন থেকে চালু হবে আলাদা প্রসেসে। ফলে ক্র্যাশ হওয়ার সম্ভাবনা কমে যাবে।

প্রবীর কুমার পাল  
স্টেশন রোড, রাজবাড়ী

## কারুকাজ বিভাগে লিখুন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কম্পিউটার প্রোগ্রামের সৌর্য কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।

সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টি টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে- আবদুল্লাহ আল মামুন, শফিকুজ্জামান ও প্রবীর কুমার পাল।